# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৫৯০৭২/যশোর-৯০/ ২৪৩

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ / ০৯ সেপ্টেম্বর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সারুটিয়া বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি গঠনের ক্ষেত্রে ভোট গ্রহণ না করে বিধি বর্হিভূত ভাবে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করায় উহা বাতিল করণের জন্য জনৈক বেল্লাল হোসেন অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (দুই) পাতা।

৯.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
কেশবপুর, যশোর।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৫৯০৭২/যশোর-৯০/

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ / ০৯ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, যশোর;
২. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর;
৪. সভাপতি, সারুটিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর-সাটুরিয়া, থানা- কেশবপুর, যশোর;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, সারুটিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর-সাটুরিয়া, থানা- কেশবপুর, যশোর;
৬. বেল্লাল হোসেন (অভিযোগকারী), সাং- সাটুরিয়া, থানা- কেশবপুর, যশোর;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৯.০৯.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

মাননীয়

**রেজিষ্ট্রার,**
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
২, অরফানেজ রোড, বকশীবাজার,
ঢাকা।

**বিষয় ঃ ভোট গ্রহণ ব্যতীত নির্বাচনের মাধ্যমে বিধি বহির্ভূতভাবে সারুটিয়া বালিকা দাখিল মাদরাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করায় উহা বাতিল পূর্বক সঠিকভাবে নিয়মিত কমিটি অনুমোদন দেয়ার জন্য আবেদন।**

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী সাটুরিয়া বালিকা দাখিল মাদরাসার এডহক কমিটির সদস্য এবং উপরোক্ত প্রতিষ্ঠানের ভোটার নং-৫৩। উপরোক্ত মাদ্রাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য গতইং ০২/০৭/২০২৫ তারিখে নির্বাচনি তফসিল ঘোষনা করা হয়। অত:পর প্রকাশ্য ভোট গ্রহন ব্যতিরেকেই গোপনে রুদ্ধদ্বার বৈঠকের মাধ্যমে কোন পদে নির্বাচন ব্যতিরেকে পকেট কমিটি গঠন করে এবং উল্লেখ্য আমি এডহক কমিটির অভিভাবক স দস্য হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত হওয়ার কারনে আমাকে নির্বাচিত অভিভাবক সদস্য হিসাবে নাম দেওয়া হয়েছে। প্রকৃত পক্ষে আরও প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকা সত্বেও তাদের নিকট নির্বাচনী তফসিল সম্পর্কে অবগত না করে এবং প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ প্রদান না করেই মনমতো সদস্যদের নাম লিখে নিয়ে গত ইং ৩১/৭/২০২৫ তারিখে বিধিসম্মত অনুসরণ না করেই মনগহড়া নির্বাচিত ম্যানেজিং কমিটির নির্বাচন দেখিয়েছেন, প্রিজাইডিং অফিসার স্থানীয় ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার যাহার স্মারক নং-৩৮.০১.৪১৩৮.০০০.০৬.৩৫.২৪.৫, তাং-৩১.০৭.২০২৫। উল্লেখ্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার কেশবপুর, যশোর প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা না হওয়ার ম্যানেজিং কমিটি গঠনের বিধিমালা মোতাবেক তার মাধ্যমে নির্বাচনী তফসিল ঘোষনা বেআইনী ও তার মাধ্যমে নির্বাচনী ফলাফল ও সঠিক নয়। এছাড়া একই প্রতিষ্ঠানের শিক্ষকগন গত ইং ১০/০৭/২০২৫ তারিখে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের বিষয়ে মাদ্রাসার শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ কেহই অবগত নয় (কপি সংযুক্ত)। সুতরাং ভোট গ্রহন ছাড়াই বিধিবহির্ভূতভাবে কতিপয় স্বার্থেন্বেষী মহলের অন্যায় স্বার্থ চরিতার্থ করার জন্য উপরোক্ত মাদ্রাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করা হয় যাকে পকেট কমিটি বলা হয়।

অতএব, প্রার্থনা ভোট গ্রহণ ব্যতীত নির্বাচনের মাধ্যমে বিধি বহির্ভূতভাবে সাটুরিয়া বালিকা দাখিল মাদরাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করায় উহা বাতিল পূর্বক সঠিকভাবে নিয়মিত কমিটি অনুমোদন দেয়ার জন্য আবেদন।

বিনীত নিবেদক

বেল্লাল হোসেন
অভিভাবক সদস্য
সারুটিয়া বালিকা দাখিল মাদরাসা
কেশবপুর, যশোর।
ফোন নং-০১৭২১-৮৫৫৭৬৮